২৮/৮/৯১

দৈনিক সংবাদ

তারিখ ...28.8.91...
পৃষ্ঠা... ২ ... কলাম... ১৮ ...

৭৭/০৫

উপ-নির্বাচন ও গণভোটের জন্য

# এইচএসসি পরীক্ষার সময়সূচী পরিবর্তন

আগামী ১১ই সেপ্টেম্বর উপ-নির্বাচন ও ১৫ই সেপ্টেম্বর গণভোট অনুষ্ঠানের কর্মসূচী ঘোষণা করায় ঢাকা, রাজশাহী ও যশোর শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার পূর্বঘোষিত সময়সূচীর ১০ হতে ১৬ই সেপ্টেম্বরের বিষয়সমূহের পরীক্ষা ২১ থেকে ২৮শে সেপ্টেম্বরে অনুষ্ঠিতহবে।

পরিবর্তিত সময়সূচী অনুযায়ী ১০ তারিখের পরীক্ষা ২১ তারিখে, ১১ তারিখের পরীক্ষা ২৩ তারিখে, ১২ তারিখের পরীক্ষা ২৪ তারিখে, ১৪ তারিখের পরীক্ষা ২৫ তারিখে, ১৫ তারিখের পরীক্ষা ২৬ তারিখে ও ১৬ তারিখের পরীক্ষা ২৮ তারিখে অনুষ্ঠিত হবে।

পরিবর্তিত দিন ও তারিখের পরীক্ষার বিষয় ও সময় পূর্বঘোষিত দিন ও তারিখের বিষয় ও সময় অনুযায়ী হবে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার পরিবর্তিত সময়সূচী বোর্ডের পক্ষ থেকে জানানো হবে। খবর তথ্য বিবরণীর।

## ৫৪২ জন এইচএসসি পরীক্ষার্থী বহিষ্কৃত

এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল ঢাকা, যশোর ও রাজশাহী বোর্ডের মোট ৫শ' ৪২ জন পরীক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়। খবর বাসস'র।